

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 জাতীয় যুব উন্নয়ন ইনসিটিউট
 প্রশিক্ষণ শাখা
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.niyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.৩৩.০৫৬.২১ (অংশ-৬)- ২৪২

তারিখ : ২০ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি:
১০ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ

বিষয়ঃ জাতীয় যুব উন্নয়ন ইনসিটিউটের প্রশিক্ষণ কোর্সের জন্য অনলাইনে আবেদন আহ্বান।

জাতীয় যুব উন্নয়ন ইনসিটিউট, সাভার, ঢাকায় ০৩ নভেম্বর, ২০২৫ তারিখ হতে ০৩(তিনি) মাস মেয়াদি ০২টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।

নং	কোর্সের নাম	মেয়াদ	আবেদন ফি	ভর্তি ফি (ভর্তির সময়)	জামানত ফি (ভর্তির সময়)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	Housekeeping & Hospitality Management (5 th Batch)	০৩(তিনি) মাস	১০০/- +চার্জ (অফেরতযোগ্য)	১০০০/- (অফেরতযোগ্য)	১০০০/- (ফেরতযোগ্য)	কমপক্ষে এইচ.এস.সি/সমমান পাস
০২	Quality Control Management For RMG (2 nd Batch)	০৩(তিনি) মাস	১০০/- +চার্জ (অফেরতযোগ্য)	১০০০/- (অফেরতযোগ্য)	১০০০/- (ফেরতযোগ্য)	কমপক্ষে এইচ.এস.সি/সমমান পাস

কোর্সে অংশগ্রহণের জন্য উল্লিখিত শর্তানুযায়ী সকল জেলার ১৮ থেকে ৩৫ বছর বয়সি বেকার যুব ও যুবনারীদের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা হচ্ছে। অনলাইনে আবেদনটি ২৬ অক্টোবর, ২০২৫ তারিখের মধ্যে <https://admission.univadmin.info> লিংকে প্রবেশ করে আবেদন ফি বাবদ (১০০/- +চার্জ) জমা পূর্বক আবেদন ফর্ম পূরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


অনলাইনে আবেদনের ফরম পূরণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস (সফট কপি):

- (১) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;
- (২) এনআইডি;
- (৩) পাসপোর্ট সাইজের ছবি;

ইতোপূর্বে জাতীয় যুব উন্নয়ন ইনসিটিউট, সাভার, ঢাকায় যারা কোনো কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই। একইসাথে বর্তমানে অধ্যয়নরত ছাত্রাত্মিকদেরও আবেদনে নিরুৎসাহিত করা হচ্ছে।

আবেদন পাওয়ার পর চূড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা ৩০ অক্টোবর, ২০২৫ তারিখ জাতীয় যুব উন্নয়ন ইনসিটিউটের www.niyd.gov.bd ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

বিঃদ্রঃ কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ, আবাসন, খাবার খরচ এবং যাতায়াত ভাতা (প্রতিষ্ঠানের নির্ধারিত হারে) সরকারি ব্যয়ে নির্বাহ করা হবে। প্রশিক্ষণার্থীর বাছাইয়ের ক্ষেত্রে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত হিসেবে গণ্য হবে।


 মোঃ হুমায়ুন করীম
 সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
 ফোনঃ ০২-২২৪৪২৬০৩১